**Ex/BNG/PG/3·4/2024**

# স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৪

## বাংলাদেশের সাহিত্য

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।* ১০×৩=৩০

১. বাঙালির আত্মপরিচয়ের স্বরূপ সন্ধান করতে গিয়ে প্রাবন্ধিক আনিসুজ্জামান যে সূত্রগুলির উল্লেখ করেছেন তোমার পড়া প্রবন্ধের নিরিখে তার পরিচয় দাও। ১০

**অথবা**

২. ''সাম্প্রতিক ইতিহাসে এটা খুব ভালোভাবেই দেখা গেছে যে, ধর্ম বা সিক্যুলারিজম কোনোটাই মানুষকে বাঁচাতে পারে না, পারেনি। কাজেই ধর্ম নয়, সিক্যুলারিজমও নয়, একমাত্র মানবতার উপরই দিতে হবে জোর।'' প্রাবন্ধিক কেন এই সিদ্ধান্তে উপনীত হন যুক্তিসহ লেখো। ১০

৩. 'চিলেকোঠার সেপাই' ভাষাশিল্পী আখতারুজ্জামান ইলিয়াসের সৃজনসামর্থ্যের অব্যর্থ অভিজ্ঞান। উপন্যাসটি থেকে উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে এ-বিষয়ে তোমার পর্যবেক্ষণ ব্যাখ্যা করো। ১০





**অথবা**

৪. সাধারণভাবে আমাদের ধারণা হল 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটির মূল ভিত্তি পূর্ব-পাকিস্তানে সংঘটিত উনসত্তরের গণআন্দোলন। অথচ উপন্যাসটির গ্রামীণ পরিসর জুড়ে গড়ে ওঠে এমন এক কৃষক অভ্যুত্থানের চলচ্ছবি, যা মেজাজ ও মর্জিতে উনসত্তরের গণআন্দোলন থেকে পৃথক। তাহলে এই উপন্যাস কি দুটি আলাদা গল্পে দ্বিখণ্ডিত, নাকি গভীর সূত্রে সম্পর্কিত — এই বিষয়ে তোমার মতামত লিপিবদ্ধ করো। ১০

৫. 'খণ্ড চাঁদের বক্রতায়' শীর্ষক গল্পটির বেশির ভাগ জায়গা জুড়ে আছে কেন্দ্রীয় চরিত্রের চতুর্থ বিয়ের 'উদ্দাম উল্লাস'। গল্পের শেষ দিকে আমরা দেখি ''চিকে-ঘেরা অন্দরমহলে প্রগাঢ় স্তব্ধতা - মহারাত্রির মতো বিরাট শূন্যতা।'' সেই 'প্রগাঢ় স্তব্ধতা' শেখ জব্বারের পাশবিক মনের উল্লাসকে থামাতে পারেনি কেন? যুক্তিসহ তোমার মতামত দাও। ১০

**অথবা**

৬. 'অনন্য পৃথিবী' গল্পের একদিকে আছে 'অগ্নিময়ী আদিম পৃথিবী', অন্যদিকে 'শান্ত সমাহিত পৃথিবী' - জালীন ও লতিফা চরিত্রের মধ্য দিয়ে গল্পকার দুই পৃথিবীর রূপকে কীভাবে ফুটিয়ে তুলেছেন লেখো। ১০

৭. সৈয়দ আলী আহসান ও আল মাহমুদের কবিতায় প্রকৃতিচেতনা কীভাবে ধরা পড়েছে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

**অথবা**

৮. বাংলাদেশের কবিতায় প্রতিবাদী চেতনার বহুমাত্রিক প্রকাশ লক্ষ্য করা যায় কেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

**অথবা**

৯. বাংলাদেশের কবিতায় বাঙালির আত্মপরিচয়ের প্রসঙ্গে বারবার ফিরে আসে কেন যুক্তিসহ আলোচনা করো। ১০

★ ★ ★